আগামীর সময় | ৭

সোমবার। ৩ আগস্ট ২০২৬ • agamirsomoy.com

## মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

প্রগতি সরণি শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

# বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. প্রগতি সরণি শাখা, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা হেলিয়েছাস কর্পোরেশন লিমিটেড, প্রতিনিধিত্বকারী ব্যবস্থাপনা পরিচালক জনাব মাজহারউল আলম ছন্দ, ঠিকানা- গ ১০, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২ এবং গ-২৫/৪ (৩য় তলা), প্রগতি সরণি, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২, এর নিকট ৩১.০৭.২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ২,৫০,০২,৬৪১.৪২ (দুই কোটি পঞ্চাশ লক্ষ দুই হাজার ছয়শত একচল্লিশ টাকা বিয়াল্লিশ পয়সা) মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধকদাতা মিসেস মাহফুজা আলম, পিতার নামঃ আব্দুল হক মোল্লা, মাতার নামঃ আয়েসা বেগম, ঠিকানা- গ ১০, শাহজাদপুর, গুলশান, ঢাকা-১২১২, কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

### দরপত্রের শর্তাবলী :

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৫.০৮.২০২৬ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., প্রগতি সরণি শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৬. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৭. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিল :

০৯ (নয়) তলা বিশিষ্ট আবাসিক ভবনের ৩য় তলায় অবস্থিত ২,৪০০ (দুই হাজার চারশত) বর্গফুট পরিমাপের ০১ (এক) টি অ্যাপার্টমেন্ট স্পেস, যার সাথে ভবনের বেইজমেন্টে অবস্থিত ১০০ (একশত) বর্গফুট পরিমাপের ০১ (এক) টি কার পার্কিং স্পেস এবং মোট ৮.২৫ (আট দশমিক দুই পাঁচ) শতাংশ জমির মধ্যে অবিভক্ত ও অচিহ্নিত ০.৯১ (শূন্য দশমিক নয় এক) শতাংশ জমির আনুপাতিক অংশ সংযুক্ত রয়েছে। জেলা- ঢাকা, থানা ও সাব-রেজিস্ট্রি অফিসঃ গুলশান, সম্পত্তির প্রকৃতিঃ ফ্ল্যাট, জে.এল. নংঃ সি.এস. ২৯৪, এস.এ. ১১৮, আর.এস. ৩২, ঢাকা সিটি সার্ভে নং ১৫, মৌজা -ভাটারা, খতিয়ান নংঃ সি.এস. ২৬৮, এস.এ. ২৬৪, আর.এস. ১৫১১, ঢাকা সিটি সার্ভে ৪১৭৫ ও ৭৬০৬, সংশ্লিষ্ট দাগ নংঃ সি.এস. ও এস.এ. ৯৫৭, আর.এস. ৯৫৫, ঢাকা সিটি সার্ভে ১২৪৬৪ ও ১২৪৬৩, নামজারি খতিয়ান নং ১৯৪০৯, নামজারি ও পৃথকীকরণ মামলা নং ১২৪০/২০১৩-২০১৪, তারিখঃ ১৮.১১.২০১৩, জোত নং ১৮৪/৩২, ঢাকা সিটি সার্ভে রেকর্ড মোতাবেক।

উক্ত সম্পত্তির চৌহদ্দি নিম্নরূপঃ উত্তরেঃ জনাব মো.সিরাজুল ইসলামের জমি। দক্ষিণেঃ জনাব মো.সিরাজুল ইসলামের জমি। পূর্বেঃ জনাব মো. জাহিরুল ইসলামের জমি। পশ্চিমেঃ ১০০ (একশত) ফুট প্রশস্ত রাস্তা।

পক্ষেঃ ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., প্রগতি সরণিশাখা, ঢাকা। ফোন নং-০১৭৫৫-৫৯৬১৭৬।